

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মুসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং-৩৭/মুসক/২০১৩ তারিখঃ ১৮ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০২ জুলাই, ২০১৩খ্রিষ্টাব্দ

বিষয় : ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ি খাতে ট্যারিফ মূল্য বহাল রাখিয়া সম্পূরক শুদ্ধ হাস করিবার কারণে মাঠ পর্যায়ে গ্রহণীয় কার্যক্রম বিষয়ে দিক-নির্দেশনা।

জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২৩/মুসক/২০১৩ তারিখ-০৬ জুন, ২০১৩ এর মাধ্যমে স্থানীয় পর্যায়ে উৎপাদিত যন্ত্র ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার বিযুক্ত) প্রতি ২৫(পঁচিশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৩.৮৮৪২ (তিন দশমিক আট আট চার দুই) টাকা, প্রতি ১২(বার) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ১.৮৬৪৪ (এক দশমিক আট ছয় চার চার) টাকা, প্রতি ০৮(আট) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ১.২৪২৯ (এক দশমিক দুই চার দুই নয়) টাকা, এবং যন্ত্র ব্যতীত হাতে তৈরী ফিল্টারযুক্ত প্রতি ২০ (বিশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ৪.২১৮৯ (চার দশমিক দুই এক আট নয়) টাকা, প্রতি ১০ (দশ) শলাকার ক্ষেত্রে ট্যারিফ মূল্য ২.১০৯৪ (দুই দশমিক এক শুন্য নয় চার) টাকা নির্ধারণ করা হয়েছে এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭১-আইন/২০১৩/৬৭৫-মুসক তারিখ-০৬ জুন, ২০১৩ খ্রিঃ এর মাধ্যমে সম্পূরক শুদ্ধের হার উভয় ক্ষেত্রে ৩০% ধার্য করা হইয়াছিল,যাহা পরবর্তীতে সংশোধনীর মাধ্যমে যথাক্রমে ২০% ও ২৫% করা হইয়াছে। এর ফলে ২৫ (পঁচিশ) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুদ্ধ ও মুসকসহ) ১.৪৭৫ (এক দশমিক চার সাত পাঁচ) টাকা, ১২(বার) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুদ্ধ ও মুসকসহ) ০.৭০৮ (শুনা দশমিক সাত শুনা আট) টাকা, ০৮ (আট) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুদ্ধ ও মুসকসহ) ০.৪৭২ (শুনা দশমিক চার সাত দুই) টাকা এবং ফিল্টার যুক্ত ২০ (বিশ) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুদ্ধ ও মুসকসহ) ১.৮৪৫ (এক দশমিক আট চার পাঁচ) টাকা, ১০ (দশ) শলাকার প্রতি প্যাকেট উক্তরূপ বিড়ির উপর মোট কর ভার (সম্পূরক শুদ্ধ ও মুসকসহ) ০.৯২৩ (শুনা দশমিক নয় দুই তিন) টাকা হইবে।

০২। যেহেতু ০৬ জুন, ২০১৩ খ্রিঃ তারিখ হইতে নির্ধারিত ট্যারিফ মূল্য কার্যকর করা হইয়াছে, সেহেতু এই খাতে উক্ত তারিখ থেকেই যথাযথ রাজস্ব নিশ্চিতকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ে কার্যক্রম গ্রহণ করা জরুরি বিবেচনায় নিম্নরূপ সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হইল :

- (ক) সরকারী ট্রেজারী এবং ডাকঘরে তাৎক্ষণিকভাবে ব্যান্ডরোলের স্টক পরীক্ষাপূর্বক উল্লিখিত আদেশ কার্যকর হওয়ার তারিখ থেকে মুসক এবং সম্পূরক শুদ্ধ জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করিতে হইবে;
- (খ) এই খাত হইতে প্রাপ্ত রাজস্ব মুসক কোড নং ১/১১৩৩/কমিশনারেট কোড/০৩১১ এবং সম্পূরক শুদ্ধ কোড নং ১/১১৩৩/কমিশনারেট কোড/০৭১১ এ যথাক্রমে ফিল্টারযুক্ত

বিড়ির ক্ষেত্রে মোট রাজস্বের ৪৭.৩৪% ও ৫২.৬৬% হারে এবং ফিল্টার বিয়ুক্ত বিড়ির ক্ষেত্রে ৪২.৮৬% ও ৫৭.১৪% হারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে; এবং

- (গ) ফিল্টারযুক্ত/ফিল্টার বিয়ুক্ত বিড়ি কারখানায় উপযুক্ত কর্মকর্তা প্রেরণপূর্বক অব্যবহৃত ব্যাভরোল মজুদ, ব্যাভরোল সংযুক্ত অবস্থায় বিড়ির মজুদ, ব্যাভরোলবিহীন বিড়ির মজুদ ইত্যাদির হিসাব গ্রহণ করিতে হইবে। মজুদ ব্যাভরোল ও লাগানো ব্যাভরোলের বিপরীতে পুরাতন হারে অর্থ জমা প্রদান করা হইয়া থাকিলে অতিরিক্ত প্রদত্ত রাজস্ব সমন্বয় করা যাইবে। তবে, অতিরিক্ত প্রদত্ত অর্থ কোনভাবেই নগদে ফেরতযোগ্য হইবে না।

০৩। উপর্যুক্ত নির্দেশাবলী ছাড়াও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ অনুযায়ী অপরিহার্য অন্যান্য আনুষ্ঠানিকতা প্রযোজ্য ক্ষেত্রে পালন করিতে হইবে।

০৪। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং ২৭/মূসক/২০১১ এতদ্বারা রহিত করিল।

০৫। এই প্রজ্ঞাপন ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোহাম্মদ হাসমত আলী)
দ্বিতীয় সচিব (মূসক)